**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/30/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# উদ্বোধনের দিনে গভর্নর হোকল নিউ ইয়র্ক ইয়াঙ্কিস এবং নিউ ইয়র্ক মেট্স এর সাথে নতুন "I LOVE NY" পর্যটন অংশীদারীত্বের ঘোষণা করলেন

***নতুন প্রচারাভিযানটি নিউ ইয়র্কের বেসবল লিগেসিকে হাইলাইট করবে এবং ভক্তদের একটি বেসবল-থিমযুক্ত গেটওয়ে প্ল্যান করতে উৎসাহিত করবে***

***আকর্ষণ এবং ইভেন্টগুলি iloveny.com/baseball-এ হাইলাইট করা হয়েছে***

2023 মূল লীগ বেসবল মরসুমের শুরুকে উদযাপন করে, গভর্নর ক্যাথি হোকল আজ I LOVE NY (আই লাভ নিউ ইয়র্ক), নিউ ইয়র্ক ইয়াঙ্কিস এবং নিউ ইয়র্ক মেট্স এর মধ্যে একটি নতুন ভ্রমণ এবং পর্যটন অংশীদারীত্বের কথা ঘোষণা করেছেন। এই মরসুমে I LOVE NY ব্র্যান্ডেড সাইনেজ ইয়াঙ্কিস স্টেডিয়াম এবং সিটি ফিল্ডে দেখা যাবে এবং টেলিভিশনে গেম সম্প্রচারের সময়েও দেখা যাবে। ডিজিটাল এবং সোশ্যাল মিডিয়া প্রয়াসের সাথে, এই সাইনেজ, ভক্তদের iloveny.com/baseball দেখার জন্য এবং একটি নিউ ইয়র্ক স্টেট বেসবল-থিম কেন্দ্রীক সফর পরিকল্পনা করতে উৎসাহিত করবে। বেসবল ভক্তদের জন্য নিউ ইয়র্ক একটি আদর্শ গন্তব্য এবং প্রচারাভিযানটি, সব বয়সের ভক্তদের সেখানে দেখার ও করার যা কিছু আছে সেগুলিকে তুলে ধরবে।

"নিউ ইয়র্কে বসন্তকালে উদ্বোধনের দিনের মতো আর কিছু নেই এবং আমাদের স্টেটের বেসবল লিগেসির একটি অংশ হওয়ার জন্য সমগ্র পৃথিবী থেকে ভিজিটর, ভক্ত এবং দর্শকদের স্বাগত জানানোর জন্য আমরা রোমাঞ্চিত," **বলেছেন গভর্নর হোকল।** "যেহেতু ব্রঙ্কস বম্বার্স এবং আমাজিন' মেট্স এই মরসুমে মাঠে নামছে তাই নিউ ইয়র্কের মুখ্য লীগ টিমগুলির সাথে অত্যন্ত ঘনিষ্ঠ হতে এবং ভক্তদের আমাদের স্টেটের বেসবলের ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতির সাথে একাত্ম হতে সহায়তা করতে পেরে আমরা গর্বিত। এই গতিময় I LOVE NY অংশীদারীত্বকে ধন্যবাদ, আমরা নিশ্চিত করব যে নিউ ইয়র্কে পর্যটন যেন একটি হোম রান থাকা অব্যাহত রাখে।"

নিউ ইয়র্কে বেসবলের একটি সমৃদ্ধ ইতিহাস রয়েছে: এটি অফিসিয়াল স্টেট স্পোর্ট এবং কুপার্সটাউনে ন্যাশনাল বেসবল হল অফ ফেম এবং মিউজিয়ামের পীঠস্থান। হল অফ ফেমের বাৎসরিক সূচনার উইকেন্ড উৎসবগুলি প্রতি গ্রীষ্মে লক্ষাধিক ভক্তদের স্বাগত জানায়। নিউ ইয়র্কই হল সেই জায়গা যেখানে জ্যাকি রবিনসন 1947 এর এপ্রিলে বেসবলের বর্ণ বৈষম্য

ভেঙেছিলেন এবং লোওয়ার ম্যানহাটনে জ্যাকি রবিনসন মিউজিয়াম তার এই কাজে সফল হওয়ার জন্য তার উদ্দেশ্যে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করে।

উপরন্তু সমগ্র স্টেটের কমিউনিটিগুলির মধ্যে বেসবল একটি অর্থনৈতিক প্রনোদনা। মেটস এবং ইয়াঙ্কিসের জন্য গলা ফাটাতে প্রত্যেক মরসুমে সারা বিশ্ব থেকে লক্ষাধিক ভক্ত কুইন্স এবং ব্রঙ্কসে আসেন। বাফেলো থেকে ব্রুকলিন পর্যন্ত নিউ ইয়র্কের ছয়টি মাইনর লীগ বেসবল টিম এবং আটটি স্বাধিন লীগ ক্লাব রয়েছে। গ্রীষ্মের বেসবল মরসুমে, অগুণতি যুব বেসবল ও সফটবল লীগ, টিম এবং টুর্নামেন্ট নিউ ইয়র্ক এবং নথইষ্ট জুড়ে বহু পরিবারকে নিয়ে আসে, যা পরবর্তী প্রজন্মের মুখ্য লীগ আয়োজনকারীদের জন্য বীজ বপন করে।

**নিউ ইয়র্ক মেটসের মালিক, চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা স্টিভ কোহেন বলেন,** "নিউ ইয়র্ক শুধু একটি বেসবল টাউন নয়, এটি একটি বেসবল স্টেট। সমস্ত মরসুম ধরে নিউ ইয়র্ক বাসীরা যে আবেগ, আনুগত্য এবং গর্ব প্রদর্শন করে তা বিশ্বের দরবারে নিউ ইয়র্ককে সর্বোত্তম বানাতে একটি বড় ভূমিকা নেয়। মরসুমের শুরু হওয়া সম্পর্কে আমরা অত্যন্ত রোমাঞ্চিত। বেসবল এবং নিউ ইয়র্ক স্টেট দীর্ঘদিন ধরে নিজেকে ভাগ্যবান মনে করছে।"

**নিউ ইয়র্ক ইয়াঙ্কিসের প্রেসিডেন্ট রান্ডি লিভাইন বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের দূত হিসেবে কাজ করতে পেরে এবং 50টি স্টেট এবং সারা পৃথিবী থেকে আগত দর্শনার্থীদের স্বাগত জানাতে পেরে ইয়াঙ্কিস অত্যন্ত গর্ব বোধ করে। বেসবল ভক্তরা যেমন জানেন, ইয়াঙ্কি স্টেডিয়ামে একটি গেম দেখার মতো সত্যিই আর কিছু হয় না, যা একই সাথে অতীতকে সম্মান জান্য এবং বর্তমানকে উদযাপন করে। আমাদের টিমের সাফল্যের অনেকটাই আমাদের ভক্তরা প্রতিটি গেমে যে আনন্দদায়ক পরিবেশ প্রদান করেন তারই প্রত্যক্ষ ফলাফল এবং আমাদের ঘূর্ণায়মান প্রবেশদ্বার দিয়ে ভিতরে আসা প্রত্যেকের জন্য এই অভিজ্ঞতা উন্নত করার জন্য আমরা অঙ্গীকারবদ্ধ। যেহেতু আমরা 2023 বেসবল মরসুমের দিকে এগিয়ে চলেছি তাই I LOVE NY উদ্যোগের সাথে অংশীদারীত্বে এই প্রয়াসগুলিকে অব্যাহত রাখার জন্য আমরা বিশেষ ভাবে গর্বিত, কারণ আমাদের নিজের স্টেট সম্পর্কে আমাদের অনুভূতি ঠিক এরকমই।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হোপ নাইট বলেন,** "বেসবল মানে নিউ ইয়র্কের জন্য ব্যবসা, কারণ এটি সমগ্র পৃথিবী থেকে দর্শনার্থীদের তাদের পছন্দের গেম উদযাপন করতে নিয়ে আসে। ইয়াঙ্কিস এবং মেট্স এর সাথে এই নতুন অংশীদারীত্ব নিউ ইয়র্ক এবং আমাদের জাতীয় ক্রীড়া - কিংবদন্তি অবস্থান, প্রাচীন ইভেন্ট এবং স্থিতিশীল ইতিহাসের মধ্যে বিশেষ সম্পর্ককে তুলে ধরতে সহায়তা করবে - যা এম্পায়ার স্টেটকে তার নিজস্ব একটি লীগের মর্যাদা দেবে।"

**এমায়ার স্টেট ডেভেলপমেন্ট ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটনের নির্বাহী পরিচালক ডি. লেভি বলেন,** "সমগ্র স্টেটের মাইনর লীগ টিম থেকে, নিউ ইয়র্কে ইয়াঙ্কি স্টেডিয়াম এবং সিটি ফিল্ড, কুপার্সটাউনে, ন্যাশনাল বেসবল হল অফ ফেম এবং মিউজিয়াম, প্রত্যেক বেসবল ভক্তের কাছে, নিউ ইয়র্ক স্টেট স্বপ্নের গন্তব্য - প্রত্যেক বেসবল বাকেট তালিকায় একটি অত্যুজ্জ্বল গন্তব্য। I LOVE NY বেসবল শুরুর মরসুমকে স্বাগত জানায় এবং মূল বেসবলের গন্তব্য হিসেবে নিউ ইয়র্ক স্টেটের নাম ছড়িয়ে দিতে স্টেটের মুখ্য লীগ টিমগুলির সাথে অংশীদারীত্ব করতে

পেরে গর্বিত। আমরা সারা বিশ্বের ভক্তদের একটি এম্পায়ার স্টেট বেসবল ছুটির মরসুম প্ল্যান করার জন্য এবং এই গ্রীষ্মে তারা যা পছন্দ করেন তা খুঁজে পেতে উৎসাহিত করি।"

পর্যটন এবং ভ্রমণ নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। 2021-এ, শিল্পটি 85.5 বিলিয়ন মার্কিন ডলারের একটি অর্থনৈতিক প্রভাব তৈরি করেছিল। পর্যটন ও আতিথেয়তা খাতটি স্টেটের তৃতীয় বৃহত্তম শিল্পখাত, এটি বেসরকারি খাতের প্রতি 10টি চাকরির মধ্যে একটিকে সমর্থন করে। পর্যটনের মাধ্যমে যে পরিমাণ স্টেট এবং লোকাল ট্যাক্স সংগৃহীত হয় তার জন্য স্টেটের প্রতিটি পরিবারের বছরে 1,000 মার্কিন ডলারেরও বেশি সাশ্রয় হয়।

**নিউ ইয়র্ক স্টেট সম্পর্কে**
বিশ্বমানের আকর্ষণ, ছবির মতো সুন্দর প্রাকৃতিক সৌন্দর্য, স্থানীয় উৎসের কুইজিন এবং একটি সফল ক্র্যাফট পানীয়ের স্থান, এবং বছর জুড়ে হতে থাকা আইকনিক উৎসব ও ইভেন্ট নিয়ে নিউ ইয়র্ক স্টেট হলো একটি শীর্ষ অবকাশ গন্তব্য। এর 11টি বৈচিত্র্যময় ভ্যাকেশন অঞ্চলের মধ্যে রয়েছে বিশ্বের তালিকার শীর্ষে থাকা সৈকতসমূহ; আমেরিকার শীর্ষ তিনটি প্রিয় স্টেট পার্কের মধ্যে দুইটি; শ্বাসরুদ্ধকর নায়াগ্রা ফলস; অন্য যেকোনও স্টেটের থেকে আরো বেশি স্কি এলাকা; দেশের দীর্ঘতম ফলিয়েজ মৌসুমের একটি; একাধিক হলস অফ ফেম; উত্তর আমেরিকার দীর্ঘতম, দ্রুততম এবং সবথেকে উঁচু জিপলাইন; মার্কিন যুক্তরাষ্ট্র ও সংলগ্ন এলাকার সর্ববৃহৎ সরকারিভাবে সুরক্ষিত এলাকা; এবং দেশের দীর্ঘতম বহু ব্যবহারের ট্রেইল। এর সাথে যোগ করুন স্টেটের অনন্য জাদুঘর, ঐতিহাসিক ল্যান্ডমার্ক, সাংস্কৃতিক সাইট, মনোমুগ্ধকারী ছোট টাউন এবং শহুরে খেলার মাঠ, আর তাই এটি কোনও বিস্ময়ের ব্যাপার নয় যে নিউ ইয়র্ক ধারাবাহিকভাবে ভ্রমণ প্রকাশনী ও বিশেষজ্ঞদের দ্বারা বেড়াতে আসার সেরা একটি স্থান হিসেবে নির্বাচিত হয়ে থাকে। নিউ ইয়র্ক স্টেটে আপনার পরবর্তী ছুটি কাটানোর পরিকল্পনা করার ক্ষেত্রে সাহায্যের জন্য, অনুগ্রহ করে www.iloveny.com দেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন